



TRIPURA COMMISSION FOR WOMEN

Office: H. G. Basak Road, Melarmath, Agartala, Tripura (W), Pin: 799001
Telephone : 0381-232 2912 / Tele Fax : 0381-232 3355
e-mail: tripuracommissionforwomen@gmail.com

Ref. No. :

Date :

বিজ্ঞপ্তি

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে আগামী ১৮/০৫/২০২৩ , ১৯/০৫/২০২৩ এবং ২০/০৫/২০২৩ ইং সকাল ১১ ঘটিকা হইতে ধলাই , উনকোটি এবং উত্তর জিলায় পর্যায়ক্রমে “ মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ ” সম্পর্কে তিনটি সচেতনতা সভা অনুষ্ঠিত হতে চলেছে। এই সভাগুলিতে উপস্থিত থাকবেন মহিলা কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী মহোদয়া , কমিশনের মাননীয় ভাইস-চেয়ারপার্সন সহ কমিশনের মাননীয় সদস্যগণ।

ইতিপূর্বে একই বিষয়ের উপর তিনটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে যথাক্রমে উদয়পুরে গৌমতী জিলাপরিষদ কনফারেন্স হলে গত ০৩/০৫/২০২৩ ইং তারিখে , ০৫/০৫/২০২৩ ইং তারিখে সিপাহীজলা জিলায় বিশালগড় মহকুমা শাসকের কনফারেন্স হলে এবং পশ্চিম জিলায় আগরতলায় মহকুমা শাসকের কনফারেন্স হলে গত ১১/০৫/২০২৩ ইং তারিখে। মহিলা কমিশনের এই ধারাবাহিক সচেতনতা সভা আগামী দিনে রাজ্যের বাকি জিলাগুলিতেও পর্যায় ক্রমে অনুষ্ঠিত হবে।

সকলের আন্তরিক সহযোগিতা মহিলা কমিশনের এই সচেতনতা সভার প্রয়াসকে সাফল্যমন্ডিত করে তুলবে এবং মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে ঘটা অপরাধ প্রতিহত করতে একটি দৃঢ় এবং সদর্থক ভূমিকা নেবে বলে কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী আশাবাদী।